



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

www.ispr.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ১৮-০৫-২০২৩

বাংলাদেশ সেনাবাহিনী কাবাডিপ্রতিযোগিতা-২০০৩ সমাপ্ত

ঢাকা, ১৮ মে ২০২৩: সদর দপ্তর ৩৩ পদাতিক ডিভিশন এর তত্ত্বাবধানে বাংলাদেশ সেনাবাহিনী কাবাডি প্রতিযোগিতা-২০২৩ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আজ বৃহস্পতিবার (১৮ মে ২০২৩) কুমিল্লা সেনানিবাসে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বাংলাদেশ সেনাবাহিনীর কোয়ার্টার মাস্টার জেনারেল লেফটেন্যান্ট জেনারেল মোঃ সাইফুল আলম, এসবিপি, ওএসপি, এসইউপি, এডব্লিউসি, পিএসসি, পিএইচডি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। গত ১৩ মে ২০২৩ তারিখ হতে শুরু হওয়া এই প্রতিযোগিতায় বাংলাদেশ সেনাবাহিনীর বিভিন্ন সেনা অঞ্চলের মোট ১৪টি দল অংশগ্রহণ করে। এই প্রতিযোগিতায় ১৭ পদাতিক ডিভিশন দল চ্যাম্পিয়ন এবং ৫৫ পদাতিক ডিভিশন দল রানার-আপ হওয়ার গৌরব অর্জন করে। ৫৫ পদাতিক ডিভিশনের সৈনিক মোঃ রুহুল আমিন শ্রেষ্ঠ খেলোয়াড় এবং ৪৬ স্বতন্ত্র পদাতিক ব্রিগেডের সৈনিক মনিরুজ্জামান শ্রেষ্ঠ নবীন খেলোয়াড় নির্বাচিত হন।

সমাপনী অনুষ্ঠানে জিওসি ৩৩ পদাতিক ডিভিশন ও এরিয়া কমান্ডার কুমিল্লা এরিয়াসহ বাংলাদেশ সেনাবাহিনীর উর্ধ্বতন সামরিক কর্মকর্তাবৃন্দ; কুমিল্লা সেনানিবাসের অফিসার, জুনিয়র কমিশন্ড অফিসার ও অন্যান্য পদবির সৈনিকবৃন্দ এবং গণমাধ্যম ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এ প্রতিযোগিতার মাধ্যমে সেনাবাহিনীর সদস্যদের মধ্যে শারীরিক সক্ষমতা, খেলাধুলার মান উন্নয়ন এবং খেলোয়াড় সুলভ মনোভাবের বিকাশ ও পারস্পরিক সৌহার্দ্য আরো মজবুত হবে বলে আশা করা যায়।

স্বাক্ষরিত/-

ওয়াজির উদ্দিন আহমেদ

সহকারী তথ্য অফিসার

পক্ষে পরিচালক

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৫